# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০০৮
# International Literacy Day 2008

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## Ministry of Primary and Mass Education



بسم الله الرحمن الرحيم

**রাষ্ট্রপতি**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

২৪ ভাদ্র ১৪১৫
০৮ সেপ্টেম্বর ২০০৮

**বাণী**

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও 'আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০০৮' উদযাপনের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

একটি জাতিকে শ্রেষ্ঠত্বের আসনে প্রতিষ্ঠিত করতে শিক্ষার কোন বিকল্প নেই। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের মধ্যে শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার লক্ষ্যে ১৯৯০ সালে থাইল্যান্ডে এবং ২০০০ সালে সেনেগালের ডাকারে অনুষ্ঠিত আন্তর্জাতিক সম্মেলনে ঘোষিত 'সবার জন্য শিক্ষা' অঙ্গীকারের প্রতি বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের সংবিধানেও এ বিষয়ে অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। এ প্রেক্ষাপটে 'আর্ন্তজাতিক সাক্ষরতা দিবস' উদযাপন অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও অর্থবহ। আমি বিশ্বাস করি দেশের শিক্ষা বঞ্চিত মানুষ, ঝরে পড়া শিশু-কিশোর এবং বয়স্ক জনগোষ্ঠীকে প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের আওতায় এনে যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদে রূপান্তর করা সম্ভব। এ লক্ষ্যে বাংলাদেশ সরকার গৃহীত কার্যক্রমকে আমি স্বাগত জানাই। আমি আশা করি 'সবার জন্য শিক্ষা' এই শ্লোগান বাস্তবায়নে দেশের সর্বস্তরের মানুষ সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসবে।

আমি আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের সাফল্য কামনা করি।

আল্লাহ হাফেজ, বাংলাদেশ জিন্দাবাদ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

## An Overview of Primary and Mass Education in Bangladesh

The Government of Bangladesh has taken multi-faceted actions in accelerating the pace of providing primary and mass education. The Primary Education (Compulsory) Act was passed in 1990. The Compulsory Primary Education Programme was introduced in 68 upazilas in 1992 and the programme was extended all over the country by 1993. A separate Primary and Mass Education Division was created in 1992 and this was elevated to a Ministry in 2003 to facilitate provisions for quality education for all.

The net enrolment rate at the primary level is currently 91.1 per cent, of which male is 87.8 per cent and female is 94.7 per cent. The adult literacy rate (15+) is 50.5 per cent, of which female literacy rate is 40.8 per cent. Programmes undertaken pursuant upon the enactment of Primary Education (Compulsory) Act, such as food for education programme, stipend programme, social mobilization programme, increase of physical facilities, enhancement of school attractiveness programme and improvement of quality of primary education programme have contributed to the improvement of the rate of enrolment.

A special emphasis has been given to the construction, reconstruction and refurbishment of schools and education offices. For ensuring safe drinking water, arsenic free tube-wells are being sunk. Separate toilets for boys and girls are also being also constructed. Necessary furniture was also supplied to the schools earlier.

**Distribution of Textbooks:**
Textbooks are distributed among the primary school students free of cost. About 54.48 million textbooks have been printed and distributed free of cost among the students of primary schools in the academic year 2008.Tution of the students of the primary schools is also free.

**Stipend Project of Primary Schools Students:**
The Government-financed Food for Education Programme was introduced in 1993 to compensate opportunity cost of poor parents for sending their children to school. This helped increase enrolment and attendance in schools and prevent child labour. About 27% area of the country covering about 2.2 million disadvantaged students was brought under the "Food for Education Programme". From financial year 2002-2003, a special programme for providing cash support to poor primary schools children was launched by transforming Food for Education Programme to the Stipend Programme. Under this programme, parents of poor students of the primary schools in the rural areas are given monthly stipend at the rate of Tk 100 per month for sending one child to school and Tk. 125 for sending more than one child. The number of beneficiaries under this intervention is about 5.5 million.

**Second Primary Education Development Programme (PEDP-II):**
The Government of Bangladesh has undertaken the Second Primary Education Development Programme (2003-2010) with supports from eleven development partners at a total cost of about Tk. 75 billion. This is designed on the basis of Program Approach. It aims to ensure that every child has access to the minimum inputs necessary as a foundation for an acceptable quality of primary schooling.

**Reaching Out of School Children:**
A project titled "Reaching Out of School Children" (ROSC) was launched in 2004 for a period of 6 years for the children who are outside the formal primary education stream. The project has provisions for education allowances for out-of-school children. The annual allowance ranges from Tk. 800 for Grades 1 to 3 to Tk. 970 for Grades 4 to 5 children. The project covers 60 upazilas. At present, 11,000 learning centres have been established on need basis throughout the country in collaboration with NGOs while the number of students is 3, 51,874. About 500,000 children will receive education during the project period (2004-2010).

**School Tiffin Programme:**
Under this programme, a child is provided with 75 grams of fortified biscuits as mid-day food in eight poverty-stricken upazilas of seven selected districts. The number of beneficiaries is 0.7 million.

**Gender Balancing and Women Empowerment:**
To eliminate gender disparity and ensure wide participation of women in development activities, 60 per cent posts of teachers have been reserved for female teachers. As a result, the percentage of female teachers in government primary schools has already reached 50.2 per cent. While enrolling the students, the names of both the mother and the father are registered. For payment of stipend money to the students, the bank account has to be opened in the mother's name. These steps have contributed to the increase of girl enrolment and the attainment of gender parity. Currently, the boys and girls ratio is 50: 50.

**Training:**
Subject-based training in Upazila Resource Centers (URCs), Multiple Ways of Teaching and Learning (MWTL), sub-cluster training and C-in-Ed training are also imparted under PEDP-II. The in-service training duration varies from one-day to 30 days and the initial training of teachers (C-in-Ed) take one academic year.

### Non-formal Education

**Basic Education for Hard to Reach Urban Children Project (2nd phase):**
Measures have been taken to enroll the working children, especially of the suburban and slum areas of the six divisional cities under the "Basic Education for Hard to Reach Urban Children Project (2nd phase)" which will help reduce illiteracy and child labour in the country. Out of the targetted 200,000 learners, 20,000 selected learners (13+ years) will be provided with livelihood skills education. 5,000 learners out of 20,000 selected learners will be provided with livelihood skills training by contracting expert organizations/NGOs. Remaining 15,000 learners will be linked with the different organizations for their livelihood skills training. Livelihood skills education includes photography, tailoring, handicraft, leather craft etc. A total of 6,646 learning centres has been established against a target of 8000 learning centres.

**Post- Literacy and Continuing Education for Human Development Project-1**
The project was implemented during 2001-2007 to provide post literacy and continuing education through skill training to 1.362 million neo-literates in 32 districts. The target age group was 11-45. A total of 0.827 million learners completed post-literacy and continuing education. Based on the market survey, skill training was imparted in 15 trade areas such as, tailoring, poultry, fishery, cow and goat rearing, bee keeping, block boutique, repairing of cycle and rickshaw etc.

**Post- Literacy and Continuing Education for Human Development Project-2**
The main objective of the project is to help reduce rural poverty and empower the rural poor by providing them with literacy, life skills, and income generating skills. The aim is to establish a community based and need-oriented post-literacy and continuing education programme for 1.6 million neo-literates in 210 selected Upazilas of 29 Districts under six divisions of the country during 2007-2011. The target age group is 11-45. Based on the market survey and learners' felt needs, skill training will be imparted. There are provisions to include fifty per cent female learners in the literacy centres. The project will support the implementation and dissemination of the approved Non-formal Education Policy. The project is being implemented in collaboration with NGOs.

Mapping of non-formal activities has been completed to allocate resources to the disadvantaged groups and prioritized locations.

**Conclusion:**
Bangladesh is committed to realize the EFA goals set for 2015. The Government is striving hard to turn its population into productive human resources by universalizing primary education and expanding the non-formal education programmes. It is expected that the whole gamut of primary and non-formal education activities will establish a truly empowered knowledge-based society to meet the challenges of the 21st century.



بسم الله الرحمن الرحيم

**প্রধান উপদেষ্টা**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৪ ভাদ্র ১৪১৫
০৮ সেপ্টেম্বর ২০০৮

**বাণী**

বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে বাংলাদেশেও ৮ সেপ্টেম্বর 'আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০০৮' পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

জাতি গঠনের প্রধান বাহন শিক্ষা। আর শিক্ষার প্রথম সোপান সাক্ষরতা। আমি আশা করি, সাক্ষরতার অভীষ্ট লক্ষ্য অর্জন ও সবার জন্য গুনগত শিক্ষা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ, গৃহীত কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি কার্যকর পদক্ষেপ গ্রহণে সদা সচেষ্ট থাকবে। এজন্য আমি জনগণকে সঙ্গে নিয়ে একযোগে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০০৮ উপলক্ষে আয়োজিত সকল কর্মসূচির সাফল্য কামনা করি।

ফখরুদ্দীন আহমদ



بسم الله الرحمن الرحيم

**উপদেষ্টা**
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৪ ভাদ্র ১৪১৫
০৮ সেপ্টেম্বর ২০০৮

**বাণী**

প্রতি বছরের মতো এবারও ৮ সেপ্টেম্বর তারিখে যথাযথ গুরুত্বের সঙ্গে এবং বিভিন্ন কর্মসূচির মাধ্যমে 'আন্তর্জাতিক সাক্ষরতা দিবস' উদ্‌যাপন করা হচ্ছে এবং এ উপলক্ষে একটি ক্রোড়পত্র প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

মানুষের মৌলিক অধিকারগুলোর অন্যতম হলো শিক্ষা। দেশ গড়ার প্রধান হাতিয়ারও হচ্ছে শিক্ষা। নিরক্ষরতামুক্ত বাংলাদেশ গড়তে আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক, উভয় ধারার শিক্ষা কার্যক্রমের প্রয়োজনীয়তা অপরিহার্য। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদ্‌যাপনের মূল লক্ষ্য হচ্ছে দেশের জনগণকে শিক্ষা সম্পর্কে সচেতন ও উদ্দীপ্ত করে তাদেরকে মানবসম্পদে রূপান্তরিত করা।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক শিক্ষাসহ আয়বর্ধনকারী বিভিন্ন কর্মসূচি চালু রয়েছে। সুযোগবঞ্চিতদের জীবনমান উন্নয়নে এ সকল কার্যক্রম সহায়ক ভূমিকা পালন করছে। এ সকল কর্মসূচির মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থানের প্রক্রিয়া ত্বরান্বিত হবে বলে আমি বিশ্বাস করি।

সকল ক্ষেত্রে দেশকে দ্রুত উন্নয়নের পথে ধাবিত করতে সরকারি প্রচেষ্টার পাশাপাশি বেসরকারি সংগঠনসহ সমাজের সকল স্তরের ও সকল পেশার মানুষের ভূমিকাও সমভাবে গুরুত্বপূর্ণ। সকলের সহযোগিতায় নিরক্ষরতা দূরীকরণে জাতি তার অভীষ্ট লক্ষ্যে দ্রুত পৌছতে পারবে বলে আমি দৃঢ়ভাবে আশা পোষণ করি।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০০৮ উপলক্ষে আয়োজিত সকল কর্মসূচির সাফল্য কামনা করছি।

রাশেদা কে, চৌধূরী



بسم الله الرحمن الرحيم

**সচিব**
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৪ ভাদ্র ১৪১৫
০৮ সেপ্টেম্বর ২০০৮

**বাণী**

নিরক্ষর জনগোষ্ঠী এবং প্রাথমিক বিদ্যালয় হতে ঝরে পড়া ও সুবিধাবঞ্চিত শিশুদেরকে শিক্ষার মূল স্রোতোধারার সঙ্গে সম্পৃক্ত করার লক্ষ্যে শিক্ষার বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০০৮ পালিত হচ্ছে।

শিক্ষার্থীদের মৌলিক শিখন-চাহিদা মেটানোর জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের পাশাপাশি উপানুষ্ঠানিক শিক্ষার ক্ষেত্রেও বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুদের ভর্তির হার বৃদ্ধি এবং ভর্তির ক্ষেত্রে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে। এক্ষেত্রে সহস্রাব্দের উন্নয়ন অভিলক্ষ্যসমূহের মধ্যে একটি লক্ষ্য ইতোমধ্যে অর্জিত হয়েছে। বর্তমানে আনুষ্ঠানিক শিক্ষার মানোন্নয়নই হল আমাদের প্রধান চ্যালেঞ্জ। সেই সঙ্গে মূলধারার শিক্ষালাভে বঞ্চিত নাগরিকদের জন্য বিকল্প পন্থায় শিক্ষার ব্যবস্থা করাও খুবই জরুরি। আশা করি শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী, মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং সর্বোপরি স্থানীয় জনগণের সক্রিয় সহযোগিতায় আমাদের অভীষ্ট লক্ষ্য অর্জন সম্ভব হবে।

এ উপলক্ষে প্রাথমিক শিক্ষায় কিছু নিবেদিতপ্রাণ শিক্ষক-শিক্ষিকা, মেধাবী শিক্ষার্থী, সফল প্রাথমিক বিদ্যালয় এবং কৃতী ম্যানেজিং কমিটিকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান করতে পেরেও আমরা আনন্দিত।

আমরা আশা করি আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০০৮-এর সকল আয়োজন সফল হবে।

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা

### আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের প্রেক্ষাপট এবং বাংলাদেশের অর্জন

মোঃ রফিকুজ্জামান

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পৃথিবীর বিভিন্ন দেশে ব্যাপক সাক্ষরতা কার্যক্রম সূচিত হয়। এ প্রেক্ষাপটে ১৯৬৫ সালে ৮ সেপ্টেম্বর তারিখে ইরানের রাজধানী তেহরানে আয়োজিত হয় শিক্ষাসংক্রান্ত বিশ্ব সম্মেলন। প্রায় ৮০টি দেশের শিক্ষামন্ত্রী এ সম্মেলনে উপস্থিত হয়ে বিশ্বের সকল মানুষকে সাক্ষর করার যুগান্তকারী অঙ্গীকার ব্যক্ত করেন। ইউনেস্কোর সহায়তায় আয়োজিত এ সম্মেলনে ৮ সেপ্টেম্বরকে "আন্তর্জাতিক সাক্ষরতা দিবস" হিসেবে ঘোষণা করা হয় এবং বিশ্বের সকল দেশে প্রতি বছর এ দিবস পালনের অঙ্গীকার গৃহীত হয়। আমাদের দেশেও সেই থেকে পালিত হয়ে আসছে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস।

এক সময় পড়া ও লেখার দক্ষতা অর্জনের প্রচেষ্টাকে বয়স্ক শিক্ষা মনে করা হতো। পঞ্চাশের দশকের শেষ দিকে সবুজ বিপ্লবের ডাক দেওয়া হয়। একে কেন্দ্র করেই ষাটের দশকে সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি গৃহীত হয়। তখন থেকে বয়স্ক শিক্ষা কার্যক্রম একটি স্বতন্ত্র শিক্ষা ব্যবস্থার মর্যাদা পায়। ষাটের দশকে কুমিল্লায় বয়স্ক শিক্ষার অস্থায়ী দপ্তর খোলা হয়। সেখান থেকে নতুন পদ্ধতির বয়স্ক সাক্ষরতা ও অব্যাহত শিক্ষার জন্য দেশের চাহিদামাফিক অনেকগুলো উপকরণ উদ্ভাবিত হয়। পল্লী উন্নয়ন কর্মসূচির আওতায় পরিচালিত সে সময়কার ঐ পদ্ধতি 'কুমিল্লা পদ্ধতি' নামে দেশে-বিদেশে খ্যাতি লাভ করে। স্বাধীনতা-পরবর্তী সময়ে 'কুমিল্লা পদ্ধতি'র বেশ কিছু উপকরণ বেসরকারি সংস্থাসমূহ ব্যবহার করলেও সরকারিভাবে সেই কর্মসূচি আর পরিচালিত হয়নি। ফলে সাক্ষরতার ক্ষেত্রে কুমিল্লা পদ্ধতির অভিজ্ঞতা পরবর্তী সময়ে তেমন কাজে লাগেনি।

স্বাধীনতার পরপরই দেশে বয়স্ক সাক্ষরতা সম্প্রসারণের উপর পুনরায় গুরুত্ব দেওয়া হয়। এ জন্য প্রথম পাঁচসালা পরিকল্পনায়ও বয়স্ক সাক্ষরতাকে পল্লী উন্নয়ন কর্মসূচির প্রধান ধাপ হিসেবে চিহ্নিত করা হয়। এ পরিকল্পনায় বলা হয়, পল্লী উন্নয়ন একাডেমী বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধিদের নিয়ে একটি কমিটি গঠন করবে। এ কমিটি আঞ্চলিক পর্যায়ে অগ্রাধিকার ভিত্তিতে উপানুষ্ঠানিক শিক্ষার কার্যপদ্ধতি শনাক্ত করবে। এ পরিকল্পনা বাস্তবায়নে জাতীয় সমবায় ইউনিয়ন দায়িত্ব গ্রহণ করে। কিন্তু দেশে বয়স্ক সাক্ষরতা সম্প্রসারণের বিশাল দায়িত্ব পালন করার মতো কোন অবকাঠামো জাতীয় সমবায় ইউনিয়নের ছিল না। ফলে এ কার্যক্রম সফলতার মুখ দেখেনি। উল্লেখ্য, মুক্তিযুদ্ধ চলাকালীনই রংপুরের রৌমারীতে সাক্ষরতা কার্যক্রম শুরু হয় এবং স্বাধীনতা-পরবর্তী সময়ে দিনাজপুরের কচুবাড়ি-কৃষ্টপুরে সাক্ষরতা অভিযান পরিচালিত হয়। ১৯৭২ সালের সেপ্টেম্বর মাসে কচুবাড়ি-কৃষ্টপুর গ্রামটিকে নিরক্ষরতামুক্ত হিসেবে ঘোষণা করা হয়। সম্ভবত এটিই দেশের সর্বপ্রথম নিরক্ষরতামুক্ত গ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৭ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়ের মধ্যে দেশ হতে নিরক্ষরতা দূর করার অঙ্গীকার ব্যক্ত করা হয়। ১৯৭৩ সালে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে জাতীয়করণ হয়। ১৯৭৪ সালের কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন রিপোর্টে গণশিক্ষার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা হয়। এ রিপোর্টে উপানুষ্ঠানিক শিক্ষাকে গুরুত্ব দেওয়া হলেও তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়নি। ১৯৮০ সালের ফেব্রুয়ারি মাসে দেশে একটি ব্যাপকভিত্তিক বয়স্ক সাক্ষরতা অভিযানের সূচনা হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের প্রত্যেককে দু'জন নিরক্ষর লোককে সাক্ষর করার দায়িত্ব দেওয়া হয়। ইউনিয়ন পরিষদের মেম্বার-চেয়ারম্যানদের জন্যও বয়স্ক শিক্ষাপ্রদান প্রায় বাধ্যতামূলক করা হয়। এ গণশিক্ষা অভিযান ১৯৮৩ সালে বন্ধ ঘোষণা করা হয় এবং ১৯৮৭ সালে সরকারিভাবে গণশিক্ষা কার্যক্রম নামে ছোট আকারে একটি প্রকল্প নেওয়া হয়।

১৯৯০ সালে গণশিক্ষা কার্যক্রমকে সম্প্রসারিত করে গঠিত হয় সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম (ইনফেপ)। ইনফেপ প্রকল্পটি ১৯৯১ সালে শুরু হয়ে ১৯৯৭ সালে সমাপ্ত হয়। ১৬ লক্ষ ৬৮ হাজার নিরক্ষরকে সাক্ষর করার লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকলেও এ প্রকল্পের মাধ্যমে ২৪ লক্ষ ৬৯ হাজার নিরক্ষরকে সাক্ষর করা সম্ভব হয়। ইনফেপ প্রকল্পের আওতায় লালমনিরহাট ও চুয়াডাঙ্গা জেলাকে নিরক্ষরতামুক্ত করা হয়। ১৯৯৩ সালে গঠিত প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের (PMED) আওতায় ১৯৯৫ সালে ইনফেপকে উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরে (Directorate of Non-Formal Education) রূপান্তর করা হয়। DNFE কর্তৃক চারটি বৃহৎ প্রকল্প বাস্তবায়িত হয়।

উপর্যুক্ত প্রকল্পসমূহ ছাড়াও গ্রাম শিক্ষা মিলন কেন্দ্র নামে সারাদেশে ৯৩৫টি কেন্দ্র পরিচালিত হয়। এছাড়া জাতিসংঘ জনসংখ্যা তহবিল (UNFPA)-এর আর্থিক সহযোগিতায় 'পারিবারিক জীবন শিক্ষা' নামে একটি কারিগরি সহায়তা প্রকল্পের (১৯৯৯-২০০৪) আওতায় চলমান উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পসমূহে পারিবারিক জীবন শিক্ষা বিষয়ক বিভিন্ন সম্পূরক পাঠ উপকরণ প্রদানসহ প্রকল্পের সহায়ক/সহায়িকা ও সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

২০০১-২০০২ সালে দেশব্যাপী সাক্ষরতা-উত্তর ও অব্যাহত শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে পিএলসিইএইচডি-১, পিএলসিইএইচডি-২ ও পিএলসিইএইচডি-৩ নামক আরও তিনটি বৃহৎ প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু হয়। পিএলসিইএইচডি-১ ও পিএলসিইএইচডি-২ প্রকল্পের লক্ষ্য ছিল যথাক্রমে ১৩ লক্ষ ৬২ হাজার ও ১৬ লক্ষ নব্য-সাক্ষর। বর্তমানে চলমান 'হার্ড টু রীচ' প্রকল্পের মাধ্যমেও দুই লক্ষ কিশোর-কিশোরীকে সাক্ষরতা বিস্তার কার্যক্রমের আওতায় নিয়ে আসা হয়। সরকারিভাবে গৃহীত সাক্ষরতা কার্যক্রমে বিভিন্ন বেসরকারি সংস্থা সরকারের সঙ্গে যৌথভাবে কর্মসূচি বাস্তবায়নে অংশগ্রহণ করেছে এবং প্রায় ৪৫০টি বেসরকারি উন্নয়ন সংস্থা এ সকল কার্যক্রম বাস্তবায়নের সঙ্গে যুক্ত হয়েছে। একই সঙ্গে বিশ্ব ব্যাংক, এডিবি, ইউনিসেফ, এসডিসি, নোরাড, সিডা ইত্যাদি উন্নয়ন সহযোগী সংস্থা এসব প্রকল্পে অর্থ সহায়তা দিচ্ছে। এ সকল উদ্যোগের ফলশ্রুতিতে ২০০২ সালে বাংলাদেশে সাক্ষরতার হার ৬৩ ভাগে উন্নীত হয়। সাক্ষরতা কার্যক্রমে সাফল্যের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ ১৯৯৮ সালে ইউনেস্কো প্রদত্ত আন্তর্জাতিক সাক্ষরতা পুরস্কার লাভ করে।

২০০৩ সালে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে মন্ত্রণালয়ে উন্নীত করা হয় একই সালে ডিএনএফই অবলুপ্ত করে ২০০৫ সালে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো নামে তা পুনরুজ্জীবিত করা হয়।

উল্লেখ্য, বাংলাদেশের স্বাধীনতার অব্যবহিত পর থেকেই বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থা ব্যাপক সাক্ষরতা কার্যক্রম গ্রহণ করে। সত্তরের দশকে ব্র্যাক, তরুণ সংঘ, স্বনির্ভর বাংলাদেশ, ভিইআরসি, আরডিআরএস, এফআইভিডিবি, বেইস ইত্যাদি সংস্থা সাক্ষরতা কার্যক্রম গ্রহণ করে। আশির দশকে এরূপ এনজিওর সংখ্যা ২০০ ছাড়িয়ে যায়। ১৯৯০ সালে এনজিওদের কার্যক্রমের সমন্বয় সাধনের জন্য "গণসাক্ষরতা অভিযান" (CAMPE) প্রতিষ্ঠিত হয়। গণসাক্ষরতা অভিযানের তথ্য মতে, বর্তমানে বাংলাদেশে প্রায় ১,০৫৩ টি এনজিও সাক্ষরতা বিস্তারে নিয়োজিত রয়েছে। সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বিভিন্ন বেসরকারি সংস্থা বয়সভিত্তিক শিক্ষার্থীদের জন্য আলাদা শিক্ষাক্রম, শিক্ষা উপকরণ, প্রশিক্ষণ ম্যানুয়ালসহ নানাবিধ উপকরণ তৈরি করেছে। গঠিত হয়েছে বিশাল সাক্ষরতা-প্রশিক্ষণ টিম। ব্র্যাক, প্রশিকা, ঢাকা আহছানিয়া মিশন, এফআইভিডিবি, ভিইআরসি, কোডেক, সিডিএ'র অনেক সংস্থার উদ্যোগে উপানুষ্ঠানিক শিক্ষা এবং সাক্ষরতা কার্যক্রমের স্বতন্ত্র মডেল বিকাশ লাভ করেছে।

বর্তমানে বাংলাদেশের বিশাল নিরক্ষর জনগোষ্ঠীর জন্য প্রয়োজন ব্যাপকতর সাক্ষরতা কার্যক্রম। সময়ের চাহিদা অনুসারে সাক্ষরতার সঙ্গে দক্ষতা-উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সাক্ষর জনগোষ্ঠিকে জনসম্পদে পরিণত করা সম্ভব। এজন্য সকলের দৃঢ় অঙ্গীকার ও সম্মিলিত প্রচেষ্টা অপরিহার্য। সরকারি/বেসরকারি এবং রাজনৈতিক দলমত নির্বিশেষে সকলকেই শতভাগ সাক্ষরতা অর্জনের জন্য আত্মনিয়োগ করতে হবে। স্থানীয় প্রশাসনকে সাক্ষরতা কার্যক্রমে আরো বেশী সম্পৃক্ত করা দরকার। সমাজের তৃণমূল পর্যায়ের আগ্রহী ও আন্তরিক লোকজনকে নিয়ে কেন্দ্রভিত্তিক ব্যবস্থাপনা কমিটি গঠন করে শিক্ষা কেন্দ্রগুলোকে টেকসই করার জন্য তাদেরকে পর্যাপ্ত ক্ষমতা দিতে হবে। উন্নয়ন সহযোগীদের সহায়তা আরও সম্প্রসারিত হওয়া প্রয়োজন। একই সঙ্গে অংশীদার হিসেবে স্থানীয় উন্নয়ন সংস্থাগুলোকেও আরও সক্রিয় হতে হবে। সাক্ষরতা ও অব্যাহত শিক্ষার মাধ্যমে ত্বরান্বিত হতে পারে দারিদ্র্য বিমোচন। অর্জিত হতে পারে সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ।

মোঃ রফিকুজ্জামান : সাবেক মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

### প্রাথমিক শিক্ষা সংক্রান্ত মৌলিক তথ্যাবলী

| | | |
|---|---|---|
| • বিদ্যালয়ের সংখ্যা | | : ৮১,৪৩৪ |
| সরকারি প্রাথমিক বিদ্যালয় (জিপিএস) | : ৩৭,৬৭২ | |
| রেজি: বেসরকারি প্রাথমিক বিদ্যালয় (আরএনজিপিএস) | : ২০,১০৭ | |
| নন-রেজি: বেসরকারি প্রাথমিক বিদ্যালয় | : ৯৭৩ | |
| পরীক্ষণ বিদ্যালয় | : ৫৪ | |
| কমিউনিটি বিদ্যালয় | : ৩,১৮৬ | |
| কিন্ডার গার্টেন বিদ্যালয় | : ২,২৫৩ | |
| এনজিও বিদ্যালয় | : ২২৯ | |
| এবতেদায়ী মাদ্রাসা | : ৬,৭২৬ | |
| উচ্চ মাদ্রাসা সংলগ্ন এবতেদায়ী মাদ্রাসা | : ৮,৯২০ | |
| উচ্চ বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় | : ১,৩১৪ | |
| • শিক্ষকের সংখ্যা (সর্বমোট) | | : ৩,৬৪,৪৯৪ |
| পুরুষ | : ২,১৭,১০৪ জন (৫৯.৬%) | |
| মহিলা | : ১,৪৭,৩৯০ জন (৪০.৪%) | |
| • শিক্ষকের সংখ্যা (জিপিএস) | | : ১,৮২,৩৭৪ |
| পুরুষ | : ৯০,৮৫৩ জন (৪৯.৮%) | |
| মহিলা | : ৯১,৫২১ জন (৫০.২%) | |
| • ছাত্র-ছাত্রীর সংখ্যা | | : ১,৬৩,১২,৯০৭ |
| ছাত্র | : ৮০,৩৫,৩৫৩ জন (৪৯.৩%) | |
| ছাত্রী | : ৮২,৭৭,৫৫৪ জন (৫০.৭%) | |
| • শিক্ষক-ছাত্র অনুপাত (জিপিএস ও আরএনজিপিএস) | | : ১:৪৯ |
| • স্থূল ভর্তির হার (জিইআর) | | : ৯৮.৮% |
| • নীট ভর্তির হার (এনইআর) | | : ৯১.১% |
| • সাক্ষরতার হার | | : ৬৩% |
| • বাৎসরিক সংযোগ ঘন্টা : ১ম-২য় শ্রেণী | | : ৮৬৩ ঘন্টা |
| ৩য়-৫ম শ্রেণী | | : ১,৫৩৭ ঘন্টা |
| • স্কুল সমাপনী পরীক্ষায় উত্তীর্ণের হার (২০০৭) | | : ৮৭.৭৯% |
| • রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) প্রকল্পের কেন্দ্র-সংখ্যা | | : ১১,০০০ |
| রস্ক শিক্ষার্থী-সংখ্যা | : ৩,৫১,৮৭৪ জন | |
| • শিশু কল্যাণ ট্রাস্ট (এসকেটি) বিদ্যালয়ের সংখ্যা | | : ৭৩ |
| এসকেটি শিক্ষার্থী-সংখ্যা | : ১৪,৮৮৫ জন | |
| • উপানুষ্ঠানিক শিক্ষা-কেন্দ্রের সংখ্যা | | : ৭,৭০০ |
| পিএলসিইএইচডি-২ প্রকল্প | : ১,০৫৪ | |
| হার্ড টু রীচ প্রকল্প | : ৬,৬৪৬ | |
| • উপানুষ্ঠানিক শিক্ষা-কেন্দ্রের শিক্ষার্থী সংখ্যা | | : ২,২৯,৩৯০ |
| • ২০০৮-২০০৯ অর্থ-বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | : ২,৩৬৯ কোটি ৩৫ লক্ষ টাকা |
| প্রকল্প সংখ্যা | : ৮ | |
| • ২০০৮-২০০৯ অর্থ-বছরে অনুন্নয়ন বরাদ্দ | | : ৩,৬০৪ কোটি টাকা |

### প্রাথমিক ও গণশিক্ষা ক্ষেত্রে সাম্প্রতিক অগ্রগতি

শামিমা আহমেদ

প্রাথমিক ও গণশিক্ষার ক্ষেত্রে বিভিন্ন কর্মসূচি গ্রহণের ফলে দেশে প্রাথমিক পর্যায়ে নীট ভর্তির হার ২০০৫ সালের ৮৭ শতাংশ হতে বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে ৯১ শতাংশে উন্নীত হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে জেন্ডার প্যারিটি অর্জিত হয়েছে। বর্তমানে ছেলে ও মেয়ে শিশুর ভর্তির হার ৫০:৫০। প্রাথমিক শিক্ষায় শিশুভর্তি সূচকে বাংলাদেশের অগ্রগতি আন্তর্জাতিক অঙ্গণে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। সবার জন্য শিক্ষার লক্ষ্যমাত্রা অর্জন ও তা টেকসই করার লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন ও সংস্কারমূলক পদক্ষেপ গৃহীত হয়েছে। ২০০৭-২০০৮ সালের বাজেটে প্রাথমিক ও গণশিক্ষা উপখাতে বরাদ্দ ছিল এ যাবৎকালের মধ্যে সর্বোচ্চ। ২০০৭-২০০৮ অর্থ-বছরের সংশোধিত জাতীয় বাজেটে প্রাথমিক ও গণশিক্ষা উপখাতে ৫১৯০.৫৮ কোটি টাকা বরাদ্দ করা হয়। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষাসংক্রান্ত আন্তর্জাতিক অঙ্গীকার, সহস্রাব্দের উন্নয়ন অভিলক্ষ্য (MDGs) এবং সরকারের দারিদ্র্য বিমোচন কৌশলের সঙ্গে সামঞ্জস্য রেখে জাতীয় কর্মপরিকল্পনা-২ (২০০৩-২০১৫) চূড়ান্ত করা হয়েছে। জাতীয় কর্মপরিকল্পনা-২ এর আলোকে বাংলাদেশ সরকারের নেতৃত্বে এবং ১১টি উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় প্রায় সাড়ে সাত হাজার কোটি টাকা ব্যয়ে দ্বিতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-২) বাস্তবায়িত হচ্ছে। বাস্তব অবস্থার নিরিখে কর্মসূচি বাস্তবায়ন ত্বরান্বিত এবং অধিকতর ফলপ্রসূ করার লক্ষ্যে সংশোধিত প্রকল্প দলিলে চাহিদাভিত্তিক কার্যক্রম গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রোগ্রাম স্টিয়ারিং কমিটিকে প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করা হয়েছে।

প্রাথমিক শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ, আসবাবপত্র সরবরাহ, শিক্ষকের শূন্য পদ পূরন, অতিরিক্ত শিক্ষক নিয়োগ, শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, শ্রেণীকক্ষে পাঠদানের অনুকূল পরিবেশ তৈরি, স্থানীয় জনগণের অংশীদারিত্ব ও মালিকানাবোধ (ownership) সৃষ্টি এবং মাঠ পর্যায়ের তদারককারী কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে। এ সকল পদক্ষেপের মাধ্যমে মানসম্মত প্রাথমিক শিক্ষা অর্জনের ক্ষেত্রে প্রত্যাশিত সাফল্য অর্জিত হবে বলে আশা করা যায়। গত দেড় বছরে ২,৪৮৮ জন প্রধান শিক্ষক এবং ১৫,৫৭১ জন সহকারী শিক্ষক নিয়োগ করা হয়েছে। আরও ১৬,১০৯ জন শিক্ষক নিয়োগের কার্যক্রম চলছে। দুর্নীতিমুক্ত ও স্বচ্ছ প্রক্রিয়ায় শিক্ষক নিয়োগ করা হয়েছে। পিইডিপি-২ এবং অন্যান্য প্রকল্পের আওতায় ২১,৭৭২ টি অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করা হয়েছে। অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ এবং নতুন শিক্ষক নিয়োগের ফলে শিক্ষক-ছাত্র সংখ্যানুপাত প্রকল্প শুরুর সময়কার ১:৫৪ হতে হ্রাস পেয়ে ১:৪৯ হয়েছে।

প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক পদে নিয়োগ পরীক্ষার মোট ১০০ নম্বরের মধ্যে লিখিত পরীক্ষায় ৯০ নম্বর ও মৌখিক পরীক্ষায় ১০ নম্বর পুনর্নির্ধারণ করা হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শতকরা ৬০ ভাগ মহিলা শিক্ষক নিয়োগের বিধান রয়েছে। মহিলা শিক্ষকের শতকরা হার বর্তমানে ৫০.২ ভাগে উন্নীত হয়েছে। এর মাধ্যমে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জেন্ডার প্যারিটি অর্জিত হয়েছে।

বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে স্থানীয় জনসাধারণের সম্পৃক্ততা বৃদ্ধিকল্পে এসএমসি পুনর্গঠন করা হয়েছে এবং পুনর্গঠিত এসএমসিকে স্থানীয়ভাবে সম্পদ সংগ্রহ ও সদ্ব্যবহারের উদ্যোগ গ্রহণের দায়িত্ব প্রদান করা হয়েছে। প্রযোজ্য ক্ষেত্রে উপজাতীয় শিশুদের বিদ্যালয়ে ভর্তি ও নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণে এসএমসি কমিটির সদস্যদের নেতৃত্বে তিন সদস্য বিশিষ্ট একাধিক পাড়া কমিটি গঠনেরও ব্যবস্থা রাখা হয়েছে। পুনর্গঠিত এসএমসি'তে জেন্ডার প্যারিটি নিশ্চিত করা হয়েছে। শিক্ষক-শিক্ষিকাদের নিয়োগ ও বদলি সংক্রান্ত নীতিমালার সংস্কার করা হয়েছে। শিক্ষক-শিক্ষিকাদের বদলির ক্ষমতা আরও বিকেন্দ্রীকরণ করা হয়েছে। এ প্রসংগে উল্লেখ্য যে, প্রাথমিক শিক্ষকগণকে উপাজেলাভিত্তিক নিয়োগ প্রদান করা হয় এবং তাঁদের বদলি সাধারণত সংশ্লিষ্ট উপজেলার মধ্যে সীমিত থাকে।

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রধান শিক্ষকের কোন স্বীকৃত পদ ছিল না। এ সকল বিদ্যালয়ের শিক্ষা ও ব্যবস্থাপনার মান উন্নয়নের লক্ষ্যে সম্প্রতি এ সকল বিদ্যালয়ে সহকারী শিক্ষকের ৪টি পদের একটিকে উন্নীতকরণের মাধ্যমে প্রধান শিক্ষকের পদ সৃষ্টি করা হয়েছে।

দরিদ্র পরিবারের সন্তানদের শিক্ষার সুযোগ প্রদানের লক্ষ্যে 'প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প'-এর আওতায় সিটি কর্পোরেশন ও পৌরএলাকা ব্যতীত সকল ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়, স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা ও মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদ্রাসা সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়/এবতেদায়ী মাদ্রাসাসমূহে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের মধ্য হতে ৪০% দরিদ্র ছাত্র-ছাত্রীকে উপবৃত্তি প্রদান করা হত। দ্বিতীয় পর্যায়ের উপবৃত্তি প্রকল্প প্রক্রিয়াধীন আছে।

সরকারের কাজের গতিশীলতা ও সেবার মান বৃদ্ধির লক্ষ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন অধিদপ্তরের জন্য 'সিটিজেনস চার্টার' প্রণয়ন করা হয়েছে। বিদ্যালয়সমূহে একাডেমিক ও প্রশাসনিক তত্ত্বাবধান ও পরিবীক্ষণের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্য প্রশিক্ষণের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা হয়েছে। মাঠ পর্যায়ের কর্মকর্তাদেরকে বিভিন্ন বিষয়ে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (NAPE)-এ প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

দেশের সকল উপজেলা/থানার প্রতিটি ক্লাস্টারে একটি করে মোট ২,১২৬ টি মডেল প্রাথমিক বিদ্যালয় স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। শিক্ষার আধুনিক উপকরণ সরবরাহ, যোগ্যতর শিক্ষকদের পদায়ন এবং যথাযথ প্রশিক্ষণ ও নিবিড় তদারকির মাধ্যমে এ সকল বিদ্যালয়কে 'School of excellence' হিসেবে পরিণত করা হবে, যাতে ক্যাচমেন্ট এলাকার সেরা ছাত্রদের এ সকল বিদ্যালয়ে ভর্তির জন্য আকৃষ্ট করা যায়।

পিইডিপি-২ এর আওতায় শিক্ষাবঞ্চিতদেরকে (অনগ্রসর এলাকা, দুর্গম এলাকা, উপজাতীয়, প্রতিবন্ধী, অতি দরিদ্র, পথশিশু এবং কর্মজীবী শিশু) প্রাথমিক শিক্ষার মূলধারায় নিয়ে আসার জন্য 'ইনক্লুসিভ এডুকেশন ফ্রেমওয়ার্ক'-এর অধীনে পৃথক পৃথক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে বিভিন্ন পর্যায়ে সচেতনতা সৃষ্টির কার্যক্রম নেওয়া হয়েছে। এছাড়া বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে প্রবেশগম্যতা (easy access) নিশ্চিত করার জন্য বড় দরজা ও র‍্যাম্প নির্মাণ করা হচ্ছে। দেশে ৬টি বিভাগের মধ্যে অপেক্ষাকৃত দরিদ্র, অনগ্রসর এবং বিদ্যালয় গমনোপযোগী শিশুদের পুষ্টিমান কম, এমন সব এলাকার (বর্তমান পর্যায়ে কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, গাইবান্ধা এবং সিডর-উপদ্রুত পিরোজপুর, বরগুনা, বাগেরহাট ও বরিশাল) সরকারি এবং এনজিও পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ৭ লক্ষ ছাত্র-ছাত্রীর মধ্যে প্রতি বিদ্যালয় দিবসে উচ্চ খাদ্যমানসমৃদ্ধ ৭৫ গ্রাম ওজনের ৮টি বিস্কুটের একটি করে প্যাকেট সরবরাহ করা হচ্ছে। উপবৃত্তি প্রকল্প, স্কুল ফিডিং কর্মসূচি, পিইডিপি-২, রিচিং আউট-অব-স্কুল চিলড্রেন (ROSC), শিশু কল্যাণ ট্রাস্ট বিদ্যালয় প্রভৃতি কর্মসূচির আওতায় অতি দরিদ্রদের জন্য পরিচালিত কার্যক্রমসমূহের নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হচ্ছে। দুর্গম এলাকা, যেমন চরাঞ্চল এবং যেসব জেলা/উপজেলায় অতি দরিদ্র শিশুর সংখ্যা অধিক, সেসব এলাকার প্রতি বিশেষ দৃষ্টি প্রদান করা হচ্ছে।

প্রাক-প্রাথমিক শিক্ষার খসড়া অপারেশনাল প্ল্যান চূড়ান্ত করা হয়েছে। মূলত এনজিওদের মাধ্যমে প্রাক-প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন করা হবে। সারাদেশে উপানুষ্ঠানিক শিক্ষাসংক্রান্ত ম্যাপিং (NFE Mapping) কার্যক্রম পরিচালিত হয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষানীতি বাস্তবায়নের কৌশলগত পরিকল্পনা গ্রহণে এনএফই ম্যাপিং যথেষ্ট সহায়ক হবে।

শামিমা আহমেদ : উপ-সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

## শিক্ষা আনে কল্যাণ, সুখ-স্বাস্থ্য অফুরান
## Literacy : Key to Health and Well-being